



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

সার্কুলার লেটার নং-ডিএমডি-০৫/২০১৯

তারিখ : ৪ঠা ভাদ্র ১৪২৬
১৯ আগস্ট ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড বিক্রয় কার্যক্রম চালু রাখা ও জোরদারকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট বিধির স্পষ্টীকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০৪/০৮/২০১৯ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০১৭.১৬-১০৫ নং পত্র ও এর সাথে সংযুক্ত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ২৮/০৭/২০১৯ তারিখের পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডে বিনিয়োগের বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন আইন ও বিচার বিভাগের মতামত অনুযায়ী বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিক অর্থাৎ প্রবাসী সকল বাংলাদেশী রেমিটেন্স আহরণকারী ও প্রেরণকারী (চাকুরীজীবী কিংবা ব্যবসায়ী নির্বিশেষে) তাদের উপার্জিত অর্থের বিপরীতে এ বন্ড ক্রয় করতে পারবেন। অর্থাৎ, প্রবাসী ব্যবসায়ীরা কিংবা প্রবাসে অবস্থানরত অন্য কোন পেশাজীবীগণ তাদের উপার্জিত অর্থের মাধ্যমে The Wage-Earners Development Bond Rules, 1981 অনুযায়ী বন্ড ক্রয় করতে আইনগত কোন বাধা নেই।

এমতাবস্থায়, উপরোক্ত মতামত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

সংযুক্তিঃ ০৪(চার)

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ খুরশীদ আলম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩১

492
DG-2

FD-10 106
08.08.19

20

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
সঞ্চয় অধিশাখা
www.ird.gov.bd

গভর্নর মহোদয়ের দপ্তর, বাংলাদেশ ব্যাংক	
ডায়েরী নং- 16216	তারিখ : 16/8/19
ডেপুটি গভর্নর-১	<input type="checkbox"/> জরুরী
ডেপুটি গভর্নর-২	<input type="checkbox"/> দ্রুত ব্যবস্থা নিন
ডেপুটি গভর্নর-৩	<input type="checkbox"/> দ্রুত আলোচনা করুন
নির্বাহী পরিচালক-	<input type="checkbox"/> পরীক্ষাপূর্বক উপস্থাপন করুন
এমআরএ/এসপিসিবিএল	<input checked="" type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা নিন
জিএম	<input type="checkbox"/> উপস্থাপন করুন
	স্বাক্ষর :

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০১৭.১৬-২০৫

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৬
০৪ আগস্ট ২০১৯

বিষয়: ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড বিক্রয় কার্যক্রম চালু রাখা ও জোরদারকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট বিধির স্পষ্টীকরণ।

- সূত্র: (১) বাংলাদেশ ব্যাংকের পত্র নং-ডিএমডি/এসবি-০৬/২০১৯-১২৬৪, তারিখ: ১৮ জুলাই, ২০১৯
(২) বাংলাদেশ ব্যাংকের পত্র নং-ডিএমডি/সঞ্চয়বন্ড-০৬/২০১৯-৭৩৭, তারিখ: ১৬ এপ্রিল, ২০১৯
(৩) বাংলাদেশ ব্যাংকের পত্র নং-ডিএমডি/সঞ্চয়বন্ড-০৬/২০১৯-৫৪১, তারিখ: ২৪ মার্চ, ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের প্রেক্ষিতে The Wage-Earners development bond Rules, 1981 অনুযায়ী ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড-এ বিনিয়োগের বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ হতে প্রাপ্ত মতামত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: আইন ও বিচার বিভাগের মতামত ০৩ (তিন) পৃষ্ঠা।
ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

মহাব্যবস্থাপক মহোদয়ের শাখা	
ইনওয়ার্ড নং- 2076	স্বাক্ষর :
তারিখ : 08.08.19	
ডিজিএম-১	<input type="checkbox"/> উপস্থাপন করুন
ডিজিএম-২	<input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা নিন
ডিজিএম-৩	<input type="checkbox"/> আলোচনা করুন
	<input type="checkbox"/> জরুরী
	<input type="checkbox"/> নথিভুক্ত

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ: জনাব মোঃ খুরশীদ আলম, মহাব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট)।
- মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০১৭.১৬-

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৬
০৪ আগস্ট ২০১৯

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- যুগ্ম সচিব (সঞ্চয়), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

(মোহাম্মদ নায়িরুজ্জামান)
উপসচিব

